

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/৭৫

তারিখঃ ৩১ মার্চ, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ আসন্ন বর্ষা মৌসুমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের মাধ্যমে আমদানিকৃত মূল্যবান মালামাল জরুরী খালাস গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ এর স্বারক নং-৩০.৩৪.০০০০.০৬৭.০০৪.০৩.০১.২০২৬/১৪৫
তারিখঃ ৩০/০৩/২০২৬ইং (কপি সংযুক্ত)।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত আমদানি কার্গো ভবনের Zone-B এলাকা এবং তৎসংলগ্ন ক্যানোপি এলাকায় টিন শেডের সংস্কার কাজ চলমান রয়েছে। আমদানি কার্গো ভবনের Zone-B এলাকায় MWH-2 এবং ডেলিভারী গেইট-সি চালু হলেও আমদানিকৃত মালামালের আধিক্যেতু অধিকাংশ পণ্য গুদামের বাহিরে থেকে যায়, এতে বৃষ্টিতে ভিজে ও প্রখর রোদে পণ্যের গুণগতমান নষ্ট হয়ে যেতে পারে এবং বিষয়টি বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা ও যথাযথ হ্যান্ডলিং কার্যক্রমের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ।

এমতাবস্থায়, বর্তমান পরিস্থিতিতে সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে আপনার কারখানার আমদানিকৃত মালামাল জরুরী ভিত্তিতে খালাসের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ সূত্রমতে।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



পণ্য টার্মিনাল, বিমান

হাশাআবি, ঢাকা।

স্মারক নং: ৩০.৩৪.০০০০.০৬৭.০০৪.০৩.০১.২০২৬/০৪৮

তারিখ: ১৬ চৈত্র ' ১৪৩২ বাংলা
৩০ মার্চ ' ২০২৬ খ্রি:

বিষয়: আসন্ন বর্ষা মৌসুমে আমদানিকৃত মূল্যবান মালামাল জরুরী খালাস গ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত আমদানি কার্গো ভবনের Zone-B এলাকায় সংস্কার কাজ চলমান রয়েছে এবং তৎসংলগ্ন ক্যানোপি এলাকায় টিন শেডের সংস্কার ইতিমধ্যে শুরু হয়েছে। আমদানি কার্গো ভবনের Zone-B এলাকায় MWH-2 এবং ডেলিভারী গেইট-সি সম্প্রতি চালু হলেও আমদানিকৃত মালামালের আধিক্যহেতু পণ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় গুদামের ব্যবস্থা না হওয়ায় অধিকাংশ পণ্য গুদামের বাহিরে থেকে যায়, এতে মালামাল বৃষ্টিতে ভিজে ও প্রখর রৌদ্রে মূল্যবান পণ্যের গুনগতমান নষ্ট হয়ে যেতে পারে এবং বিষয়টি বিমানবন্দরের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা ও যথাযথ হ্যান্ডলিং কার্যক্রমের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ ও সাংঘর্ষিক।

এমতাবস্থায়, বর্তমান পরিস্থিতিতে সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে আমদানিকৃত মালামাল জরুরী ভিত্তিতে খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ জাহিদুলআমান

উপ-মহাব্যবস্থাপক কার্গো আমদানি (ভারপ্রাপ্ত)

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

সভাপতি, বিজিএমইএ

বিজিএমইএ কমপ্লেক্স, সেক্টর-১৭,

উত্তরা, ঢাকা।

জনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-সদয় অবগতির জন্য

০১। সদস্য নিরাপত্তা, সিএএবি সদর দপ্তর, ঢাকা।

০২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

০৩। পরিচালক প্রশাসন ও মানব সম্পদ, বিমান।

০৪। পরিচালক কার্গো, বিমান, ঢাকা।

০৫। নির্বাহী পরিচালক হাশাআবি, ঢাকা।

০৬। সভাপতি, কাস্টমস এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।

০৭। পি এ টু চেয়ারম্যান, বেবিচক সদর দপ্তর ঢাকা।

Shahen
Bornta

31/3/2026